

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/  
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর

প্রিয় মহোদয়,

**Near Field Communication (NFC) প্রযুক্তিতে Contactless Payment Service দ্বারা  
কার্ড-ভিত্তিক লেনদেনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

NFC প্রযুক্তিতে কার্ডের লেনদেন সহজ ও গতিশীল হওয়ায় ক্রেডিট কার্ডের মাধ্যমে এ ধরনের Contactless Payment Service এর ব্যবহার জনপ্রিয় হয়েছে। গ্রাহকের চাহিদা বিবেচনায় ক্রেডিট কার্ডের পাশাপাশি ডেবিট ও প্রিপেইড কার্ডের লেনদেনেও NFC প্রযুক্তির ব্যবহার প্রচলন করলে ইলেকট্রনিক লেনদেন বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়। এমতাবস্থায়, শিরোনামোক্ত বিষয়ে পিএসডি সার্কুলার নং-০৩/২০১৮ এবং পিএসডি সার্কুলার নং-০৪/২০২১ এর ক্রমিক নং ৩(ঘ) এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ

১. EMVCo Compliant ডেবিট ও প্রিপেইড কার্ডে NFC প্রযুক্তি ব্যবহার করে লেনদেন পরিচালনা করা যাবে।
২. NFC প্রযুক্তির মাধ্যমে সংঘটিত ডেবিট ও প্রিপেইড কার্ডভিত্তিক প্রতিটি লেনদেনের সর্বোচ্চ সীমা ৩,০০০/০০ (টাকা তিন হাজার) মাত্র নির্ধারণ করা হলো। উক্ত সীমার মধ্যে শুধুমাত্র NFC প্রযুক্তির কার্ড-ভিত্তিক লেনদেনের জন্য PIN/2FA ব্যবহারের বাধ্যবাধকতাও শিথিল করা হলো। তবে SMS এলার্ট সার্ভিসের মাধ্যমে এ ধরনের প্রতিটি লেনদেনের তথ্য তাৎক্ষণিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।
৩. কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান NFC প্রযুক্তির মাধ্যমে একক কার্ডে সংঘটিত দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা নির্ধারণ করতে পারে।
৪. NFC প্রযুক্তির মাধ্যমে সংঘটিত ডেবিট ও প্রিপেইড কার্ডভিত্তিক লেনদেনের ক্ষেত্রে পিএসডি সার্কুলার নং-০৩/২০১৮ তারিখঃ ১২/০৭/২০১৮ এর অন্যান্য নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৪